দৈনিক ইত্তেফাক

তারিখ : 28 MAR 2016
পৃষ্ঠা : ৭ কলাম : ৪

# পীরগাছায় প্রাইমারি স্কুলের শিক্ষক বদলিতে অনিয়ম!

■ পীরগাছা (রংপুর) সংবাদদাতা

কর্তৃপক্ষের যোগসাজসে রংপুরের পীরগাছায় প্রাথমিক বিদ্যালয়গুলোতে বদলি বাণিজ্যের মাধ্যমে লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছে একটি চক্র।

এলাকাবাসী ও ভুক্তভোগীদের অভিযোগে জানা যায়, কর্তৃপক্ষের যোগসাজসে এক শ্রেণির শিক্ষকের সহযোগিতায় চালানো হচ্ছে বদলি বাণিজ্য। ভুক্তভোগী শিক্ষক ও শিক্ষার্থীদের অভিযোগে জানা যায়, একটি প্রাথমিক বিদ্যালয়ে ৪ জন শিক্ষকের পদ থাকলে সে প্রতিষ্ঠানে প্রতিস্থাপন সাপেক্ষে বদলি করার নিয়ম থাকলেও তা না মেনে অজ্ঞাত কারণে প্রতিস্থাপিত শিক্ষক না দিয়ে বদলি করা হচ্ছে। একারণে অধিকাংশ বিদ্যালয়ে ৪ জন শিক্ষকের স্থলে ২/৩ জন শিক্ষক দিয়ে শিক্ষার্থীদের পাঠদান করা হচ্ছে। ফলে পদ শূন্য হওয়া বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের পড়ালেখায় চরম ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হরিসংকর সরকার জানান, উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে শিক্ষকদের বদলি করা হচ্ছে।

রংপুর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা খলিলুর রহমানের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, অনিয়মের বিষয়ে আমি কোন কথা বলতে রাজি না। উর্ধ্বতন কর্তৃপক্ষ অনিয়ম করে থাকলে তা আমার জানা নেই।